

## সৈনিকদের জন্য আসছে স্মার্ট পোষাক

সব জায়গায় এখন স্মার্টের ছড়াছড়ি। স্মার্টফোন, স্মার্টকার্ডসহ এখন নানান ক্ষেত্রেই স্মার্ট পণ্যের বাজার বাড়তির দিকে। স্মার্ট পণ্যের তালিকায় এবার যুক্ত হচ্ছে পোষাক। এবং সাধারণ মানুষের জন্য নয়, এবার সৈন্যদের জন্য তৈরি হচ্ছে স্মার্ট কাপড়ে তৈরি পোষাক। আর তার ফলে সৈন্যদের ব্যাকপ্যাকে নানান ধরনের বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করার আর প্রয়োজন পড়বে না। এই পোষাক থেকেই অনেক ধরনের



বৈদ্যুতিক চাহিদা পূরণ করা সম্ভব হবে। হ্যাঁ, ব্রিটিশ সৈন্যদের জন্য এমন এক ধরনের পোষাকই তৈরি করা হচ্ছে, যা তৈরি হবে বিদ্যুৎ পরিবাহী সূতার কাপড় দ্বারা। আর এর ফলে ব্যাটারি বা কেবলের অনেক কিছুই আর সৈন্যদের ব্যবহার করার প্রয়োজন হবে না। 'ই-টেক্সটাইল' নামের এই কাপড়ের পোষাক নিজেই সৈন্যদের নানান প্রয়োজনে বৈদ্যুতিক উৎস হিসেবে কাজ করতে পারবে। সেন্টার ফর ডিফেন্স এন্টারপ্রাইজ আয়োজিত একটি ইভেন্টে এই হালকা পোষাক প্রদর্শন করেছে সারের প্রতিষ্ঠান ইন্টেলিজেন্ট টেক্সটাইল। বিদ্যুৎ পরিবাহী ব্যবহার করে পোষাক তৈরি করার কয়েকটি প্যাটেন্ট গ্রহণ করেছে সারের এই প্রতিষ্ঠানটি। ইন্টেলিজেন্ট টেক্সটাইলসের ডিরেক্টর আশা থম্পসন বিবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে তাদের সম্পর্কে জানিয়েছেন, 'আমরা বিদ্যুৎ পরিবাহী সূতা তৈরি করতে সক্ষম হয়েছি যা দিয়ে পোষাক তৈরি করা সম্ভব। তবে এই পোষাক কেটে গেলে বা ছিড়ে গেলে পোষাকের এক স্থানের সাথে অন্য স্থানের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। তাই আমাদের এই পোষাকের কোথাও ছিড়ে গেলেও যাতে ভিন্ন পথ অবলম্বন করে যোগাযোগ রক্ষা করা যায়, সে চেষ্টা করতে হবে।' সেন্টার ফর ডিফেন্স

এন্টারপ্রাইজ এই কাজের জন্য ইন্টেলিজেন্ট টেক্সটাইলকে দুই লক্ষাধিক পাউন্ড প্রদান করেছে। তারা যাতে এই পোষাকের নানান প্রতিবন্ধকতাতে কাটিয়ে উঠতে পারে, সে লক্ষ্যেই এই অনুদান দেওয়া হয়েছে। সেনাবাহিনীদের সৈন্যদের নানান ধরনের কেবল এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ বহন করতে হয়। তবে এই পোষাক সফলভাবে তৈরি করতে পারলে এই যন্ত্রাংশের অনেক কিছুই আর তাদের ব্যবহার করতে হবে না বলে আশাবাদ জানিয়েছে ইন্টেলিজেন্ট টেক্সটাইল। আর সেটা করার পথে তারা অনেক দূর এগিয়ে গেছে বলেই দাবি করেছে। বাকি পথটুকু অতিক্রম করতেও খুব বেশি সময় লাগবে না বলেই জানিয়েছে তারা।